

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
(জুডিশিয়াল মুন্সিখানা)
www.chuadanga.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮০০.৩০২.৫৩.০০৩.২৪- ৪৬৮

তারিখ : ২২ বৈশাখ, ১৪৩১
০৫ মে, ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন (১ম ধাপ) উপলক্ষে আগামী ০৮ মে ২০২৪ তারিখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা ও জীবননগর উপজেলায় ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৭ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো :


(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২। সেইসাথে ০৬ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৯ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

৩। উপর্যুক্ত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হবে না :

- (ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, প্রশাসন ও অনুমতি প্রাপ্ত পর্যবেক্ষক ;
(খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং গুপ্ত, স্বাস্থ্য চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন ;
(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমান বন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন ;
(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান ;
(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান ; এবং
(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান ;

উক্ত সময়ে উল্লিখিত নিষেধাজ্ঞা মেনে চলার জন্য জনসাধারণকে অনুরোধ করা হলো।


05/05/2024

(ড. কিসিঞ্জার চাকমা)
জেলা ম্যাজিস্ট্রেট
চুয়াডাঙ্গা

ফোন : ০২-৪৭৭৭৮৮৭১১

ই-মেইল: dcchuadanga@mopa.gov.bd

